



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (২য় সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪৯১.১৪- ২৩০


তারিখঃ ২৪/০৪/২০১৭ খ্রিঃ।

জনাব অলিয়ার রহমান
হিসাব সহকারী (ইরেসপো)
বিআরডিবি, উপজেলাঃ মহেশপুর, জেলাঃ ঝিনাইদহ।

বিষয় : কৈফিয়ত তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পে নিয়োজিত মাঠসংগঠকগণ সমিতি পর্যায়ে বিতরণকৃত ঋণের কিস্তি ও সঞ্চয় আদায়ের পাশাপাশি উঠান বৈঠক, সমিতির সদস্যদের আত্মকর্মসংস্থানমূলক কর্মকান্ড মনিটরিং করা ছাড়াও নানাবিধ কাজ করে থাকেন। তাই প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সদস্য পর্যায়ে হতে দৈনন্দিন আদায়কৃত ঋণের কিস্তি ও সঞ্চয় এর অর্থ অফিসে জমা রশিদ বহির মাধ্যমে হিসাব সহকারীর নিকট জমা দেয়ার নির্দেশনা রয়েছে। কিন্তু আপনি নির্দেশনা অমান্য করে মাঠ সংগঠক কর্তৃক ঋণের কিস্তি ও সঞ্চয় বাবদ আদায়কৃত অর্থ জমা না নেয়ায় তারা নিজেরাই ব্যাংকে জমা দিচ্ছেন। এতে মাঠসংগঠকগণ সমিতি পর্যায়ে পর্যাপ্ত সময় দিতে না পারায় মাঠ পর্যায়ে প্রকল্প কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন ব্যাহত হচ্ছে। এতে প্রতীয়মান হয় আপনি ইচ্ছাকৃতভাবে কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করছেন, যা অফিস শৃঙ্খলা পরিপন্থী।

এমতাবস্থায়, অফিস শৃঙ্খলা পরিপন্থী কার্যক্রমের জন্য কেন আপনাকে প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণ করা হবে না তার জবাব আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্প দপ্তরে প্রেরণের জন্য বলা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক, ইরেসপো
বিআরডিবি, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ মহেশপুর, জেলাঃ ঝিনাইদহ।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ মহেশপুর, জেলাঃ ঝিনাইদহ।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ঝিনাইদহ।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।